



স্মারক নং/নোবিপ্রবি/বিএমবি/এম.এসসি ভর্তি বিজ্ঞপ্তি/২০২৪/৬৬২

তারিখ: ২৫ জানুয়ারী ২০২৪ ইং

বিএমবি স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (M.Sc. in Biochemistry and Molecular Biology) এ ভর্তির জন্য দরখাছ আহ্বান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদেরকে বিভাগীয় অফিস চলাকালীন সময়ে আগামী ২৮-০১-২০২৪ তারিখ থেকে ১২-০২-২০২৪ এর মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরম এর মূল্য ১০০০/- (এক হাজার টাকা) (অফেরতযোগ্য)। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে।

১। ডিগ্রীর নাম: M.Sc. in Biochemistry and Molecular Biology (Thesis and Non-thesis)

২। ডিগ্রী এর সময়কাল : **Thesis Group** -১৮ মাস (৩ সেমিস্টার)


Non-thesis Group -১২ মাস (২ সেমিস্টার)

ভর্তির যোগ্যতা:

- প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে **Biochemistry and Molecular Biology** অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।
- প্রার্থীর স্নাতক (সম্মান) পর্যায়ে নোবিপ্রবি থেকে পাশ করা শিক্ষার্থীর জন্য ন্যূনতম সিজিপিএ ২.২৫ এবং অন্য বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত এবং বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে:

- শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট/এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান / বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত পত্যয়ন পত্র।
- সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ১০০০.০০ (এক হাজার) টাকার বিনিময়ে বিভাগীয় অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- চাকুরীরত প্রার্থীকে নিজ- নিজ নিয়োগ কর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে (ক্লাসে যোগদান ও পরীক্ষায় অংশ গ্রহণ) শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদানের জন্য পূর্ণকালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে পত্যয়ন পত্র/ অফিস আদেশ আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে। উল্লেখ্য, চাকুরীরত নয় উল্লেখ করে ভর্তি হলে এবং পরবর্তীতে যে কোন সময়ে চাকুরীতে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
- কেবল মাত্র সুপারভাইজার সম্মতি পত্র / সুপারিশ/ স্বাক্ষর সম্বলিত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্র সমূহ বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাই এর মাধ্যমে যথাযথ হওয়া সাপেক্ষে ভর্তির জন্য উপযুক্ত বিবেচনা করা হবে।
- সংশ্লিষ্ট কোর্সে ইতিপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত নয় তার নিশ্চয়তা আবেদনকারী দিতে হবে। আবেদনকারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
- ভর্তি ফরম ফরমের রশিদ এর ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রাথমিক যাচাই বাছাই এর পর কৃতকার্যদের ভর্তি-পত্রীয়া চূড়ান্ত করণের লক্ষ্যে সাক্ষাতকারের সময়-সূচী বিভাগীয় অফিস থেকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে এবং প্রণীত সময়সূচী মোতাবেক যথাসময়ে সাক্ষাতকারের জন্য উপস্থিত থাকতে হবে।
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত পরিবর্তন/পরিবর্ধন করার এখতিয়ার সংরক্ষিত থাকবে।


২৫/০১/২০২৪

ড. সুবোধ কুমার সরকার

চেয়ারম্যান, এম.এসসি ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ- ২০২১-২০২২) এবং

সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান

বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,

নোয়াখালী-৩৮১৪

বাংলাদেশ।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি (অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রেরণের অনুরোধ সহ)।
৩. হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (ওয়েবসাইটে আফলোডের মধ্যমে সম্প্রচারের অনুরোধ সহ)
৫. পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৭. সকল নোটিশ বোর্ড, নোবিপ্রবি।